# তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**অভিযোগ নং ঃ ১২/২০১৫**

**অভিযোগকারী ঃ জনাব দেলাওয়ার বিন সিরাজ**
পিতা-মৃত হাজী সিরাজ উদ্দিন
৩৯/১ বঙ্গবন্ধু এভিনিউ, ৪র্থ তলা
রুম নং-২০৬, ঢাকা-১০০০।

**প্রতিপক্ষ ঃ জনাব মোঃ মনজেরুল ইসলাম**
মহা-ব্যবস্থাপক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জনতা ব্যাংক লিঃ
লোকাল অফিস, ১ নং দিলকুশা বা/এ
ঢাকা-১০০০ ।

**সিদ্ধান্তপত্র।**

**(তারিখ ঃ ২২-০২-২০১৫ ইং)**

অভিযোগকারী জনাব দেলাওয়ার বিন সিরাজ ০৯-১১-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মনজেরুল ইসলাম, মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জনতা ব্যাংক লিঃ, লোকাল অফিস, ১ নং দিলকুশা বা/এ, ঢাকা-১০০০ বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

**ক) জনতা ব্যাংক লিঃ লোকাল অফিস ঢাকা থেকে কোন কোন প্রতিষ্ঠানকে কত টাকার ব্যাংকের আমানত, মুলধন, পুঁজি, ঋণ বিনিয়োগ করা হয়েছে উহার নাম, ঠিকানা, বিনিয়োগকৃত টাকার পরিমান এবং উহার বিপরীতে গৃহীত জামানতের বিবরন ও মূল্য উল্লেখ করে লিখিত বিবরণী।**

**খ) বিনিয়োগকৃত আমানত ও অগ্রীম হইতে কোন কোন প্রতিষ্ঠান কি কি প্রকার উৎপাদন ও স্থাপনা তৈরী করিয়াছে উহার বিবরণী।**

০২। উক্ত আবেদনের প্রেক্ষিতে সহকারী মহাব্যবস্থাপক, লোকাল অফিস, ১ নং দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, ১৩-১১-২০১৪ তারিখে এলও/অগ্রিম-১/তথ্য অধিকার আইন/২০১৪ নং স্মারকের মাধ্যমে প্রধান কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী "ঋণ হিসাবধারীর ঋণ হিসাবের তথ্য সংশ্লিষ্ট গ্রাহকের সম্মতি ব্যতীত প্রদান করার সুযোগ নাই" মর্মে অভিযোগকারীকে অবহিত করেন। পরবর্তীতে অভিযোগকারী ১০-১২-২০১৪ তারিখে জনাব মোঃ গোলাম সারোয়ার, সিনিয়র কনসালটেন্ট ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), লোকাল অফিস, ১ নং দিলকুশা বা/এ, ঢাকা-১০০০ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২১-০১-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০১-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৮-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়। পরবর্তীতে অনিবার্য কারণবশত শুনানীর তারিখ ১৮-০২-২০১৫ এর পরিবর্তে ২২-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি পুনরায় সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব দেলাওয়ার বিন সিরাজ হাজির। প্রতিপক্ষ জনাব মনজেরুল ইসলাম, মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জনতা ব্যাংক লিঃ, লোকাল অফিস, ১ নং দিলকুশা বা/এ, ঢাকা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। এর প্রেক্ষিতে একটি অপারগতার নোটিশ প্রদান করেন। পরবর্তীতে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। অভিযোগ দায়েরের পর তাকে আংশিক তথ্য সরবরাহ করা হয়েছে।

(অ: পৃ: দ্রঃ)

০৫। প্রতিপক্ষ মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জনতা ব্যাংক লিঃ, লোকাল অফিস, ১ নং দিলকুশা বা/এ, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, প্রধান কার্যালয়ের নির্দেশনা/পরামর্শ এবং তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে প্রণীত ব্যাংকের নির্দেশ বিজ্ঞপ্তি নং ৩৮৩ মোতাবেক ঋণ হিসাবধারীর ঋণ হিসাবের তথ্য সংশ্লিষ্ট গ্রাহকের সম্মতি ব্যতীত সাধারণ জনগণকে প্রদান করার সুযোগ নেই বিধায় আবেদনকারীকে তথ্য প্রদানে অপারগতা প্রকাশ করে ১৩-১১-২০১৪ তারিখে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে আপীল কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী লোকাল অফিসের ৩২ টি বিভাগের তথ্য সংগ্রহ করে প্রতিষ্ঠানসমূহের নাম ও ঋণের পরিমান অভিযোগকারীকে সরবরাহ করা হয়েছে। তিনি আরো উল্লেখ করেন যে প্রায় ৬ হাজার কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে এবং ঋণ গ্রহীতার সংখ্যা প্রায় ৬০০-৭০০ ব্যক্তি বা প্রতিষ্ঠান। এছাড়া নির্দিষ্ট প্রতিষ্ঠানের নাম বা নির্দিষ্ট তারিখ উল্লেখ থাকলে অভিযোগকারীকে তথ্য সরবরাহ করা সহজতর হতো।

০৬। নির্ধারিত কোন সময়ের জন্য তথ্য প্রাপ্তির আবেদন করেছেন এমন প্রশ্নের জবাবে অভিযোগকারী জানান ০১-০১-২০১৪ তারিখ হতে ১৪-০৯-২০১৪ তারিখ পর্যন্ত তথ্য চাচ্ছেন। ০১-০১-২০১৪ তারিখ হতে ১৪-০৯-২০১৪ তারিখ পর্যন্ত ঋণ গ্রহীতার সম্মতি নিয়ে অভিযোগকারীকে অবশিষ্ট তথ্য সরবরাহের কথা কমিশন উল্লেখ করলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তাতে সম্মতি জ্ঞাপন করেন।

## পর্যালোচনা।

উভয়পক্ষের এর বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার প্রার্থীত আংশিক তথ্য সরবরাহ করেছেন অবশিষ্ট তথ্য গ্রাহকের সম্মতি ছাড়া প্রদানযোগ্য নয় মর্মে অপারগতার নোটিশ প্রদান করা হয়েছে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে ঋণ গ্রহীতার সম্মতি নিয়ে অবশিষ্ট তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১৫-০৩-২০১৫ তারিখ বা তদ্‌পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য ০৬ নং ক্রমিকের নির্দেশনা ও তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জনতা ব্যাংক লিঃ, লোকাল অফিস, ১ নং দিলকুশা বা/এ, ঢাকা -কে নির্দেশনা দেয়া হলো।
২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

| | | |
|---|---|---|
| **স্বাক্ষরিত** | **স্বাক্ষরিত** | **স্বাক্ষরিত** |
| **(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)** | **(নেপাল চন্দ্র সরকার)** | **(মোহাম্মদ ফারুক)** |
| তথ্য কমিশনার | তথ্য কমিশনার | প্রধান তথ্য কমিশনার |

[মিজান]